গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
সংস্থাপন শাখা-৪
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২১১.১১.৪০২.২০২৫(অংশ-১)- ৫৮ তারিখঃ ০৫ শ্রাবণ ১৪৩৩বঃ
২০ জুলাই ২০২৬খ্রিঃ

## অফিস আদেশ

গণপূর্ত অধিদপ্তরের ১৪তম গ্রেড হতে ২০তম গ্রেডের বিভিন্ন ক্যাটাগরির শূন্য পদে বিভাগীয় বাছাই, নিয়োগ ও পদোন্নতি কমিটির সুপারিশ অনুযায়ী নিম্নবর্ণিত প্রার্থীগণকে গণপূর্ত অধিদপ্তরের নিয়মিত মঞ্জুরিকৃত সংস্থাপনে "নিরাপত্তা প্রহরী" পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ (গ্রেড-২০) টাকা ৮২৫০-৮৬৭০-৯১১০-৯৫৭০-১০০৫০-১০৫৬০-১১০৯০-১১৬৫০-১২২৪০-১২৮৬০-১৩৫১০-১৪১৯০-১৪৯০০-১৫৬৫০-১৬৪৪০-১৭২৭০-১৮১৪০-১৯০৫০-২০০১০/-বেতনক্রমে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো। নিয়োগকৃতগণকে আগামী ২০/০৮/২০২৬তারিখের মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকায় যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো। পরবর্তীতে তাদেরকে উপযুক্ত কর্মস্থলে পদায়ন করা হবে। তালিকায় প্রদত্ত মেধাক্রম অনুসরণযোগ্য।

| মেধাক্রম | কর্মচারীর নাম ও পিতা-মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|
| ১. | মনির হোসেন<br>পিতা-আমির উদ্দিন<br>মাতা-সাহানুরা বেগম | গ্রাম-উত্তর গণেশপুর, পোঃ-নিয়ামতপুর-২৩১০, উপজেলা-করিমগঞ্জ, জেলা-কিশোরগঞ্জ |
| ২. | হানজালা খাঁ<br>পিতা-আলতাপ খাঁ<br>মাতা-পান্না বেগম | গ্রাম-সিংগাড়ী, পোঃ-ভুগিলহাট-৭৪৬২, উপজেলা-অভয়নগর, জেলা-যশোর |
| ৩. | সুব্রত কুমার দাস<br>পিতা-সুবোধ চন্দ্র দাস<br>মাতা-সুনিতী রানী দাস | গ্রাম-খলাপাড়া, পোঃ-কাদিরগঞ্জ-৩৩৫২, উপজেলা-শাল্লা, জেলা-সুনামগঞ্জ |
| ৪. | মোঃ হাসিবুর রহমান<br>পিতা-মোঃ মনির উদ্দিন<br>মাতা-সুফিয়া বেগম | গ্রাম-দক্ষিণ আয়নাপুর, পোঃ-তিল্লী-১৮০০, উপজেলা-সাটুরিয়া, জেলা-মানিকগঞ্জ |
| ৫. | মোঃ বাবুল মিয়া<br>পিতা-মোঃ সুরুজ্জামান<br>মাতা-শাহানা বেগম | গ্রাম-আটাবাড়ী, পোঃ-ভাবকীবাজার-২০১২, উপজেলা-মেলান্দহ, জেলা-জামালপুর |
| ৬. | মোঃ আব্দুল মান্নান<br>পিতা-মোঃ হোসেন মিয়া<br>মাতা-জ্যোৎস্না আক্তার | গ্রাম-হাতনী, পোঃ-তেতুলিয়া-২৪৪৬, উপজেলা-মোহনগঞ্জ, জেলা-নেত্রকোণা |
| ৭. | মনিরুল ইসলাম<br>পিতা-মফিজুল ইসলাম<br>মাতা-আসমা খাতুন | গ্রাম-লাঙ্গালদাঁড়িয়া, পোঃ-মাড়িয়ালা-৯৪৬০, উপজেলা-আশাশুনি, জেলা-সাতক্ষীরা |
| ৮. | মোঃ কাওছার আহমেদ<br>পিতা-বাচ্চু মিয়া গাজী<br>মাতা-মাজেদা | গ্রাম-চরভয়রা, পোঃ-পূর্ব ডামুড্যা-৮০৪০, উপজেলা-ডামুড্যা, জেলা-শরিয়তপুর |
| ৯. | মোঃ জাহাঙ্গীর আলম<br>পিতা-মোঃ সাইফুল ইসলাম<br>মাতা-আনোয়ারা বেগম | গ্রাম-চর খাটামারী, পোঃ-কুলাঘাট-৫৫০২, উপজেলা-লালমনিরহাট সদর, জেলা-লালমনিরহাট |

শর্ত সমূহঃ

১। চাকরিতে যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২। চাকরিতে যোগদানকালে তাকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না"।

৩। এই অস্থায়ী নিয়োগ সরকারের প্রচলিত নিয়োগ বিধিমালা অনুসারে নিয়ন্ত্রিত হবে।

৪। নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে আগামী ২০/০৮/২০২৬ তারিখের মধ্যে অবশ্যই তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকায় যোগদান করতে হবে; অন্যথায় তার নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। নিয়োগকৃতগণকে যোগদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিজ জেলার সিভিল সার্জন কর্তৃক মেডিকেল ফিটনেস সম্বলিত স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে।

৬। নিয়োগ প্রাপ্তদের জ্যেষ্ঠতা ও পদোন্নতি সংক্রান্ত কার্যক্রম কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত হবে।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন সময় এক মাসের লিখিত নোটিশ অথবা নোটিশের পরিবর্তে এক মাসের মূল বেতনের সমপরিমাণ বেতন অথবা নোটিশের সময় এক মাসের কম হলে কম সময়ের বেতন প্রদান করে চাকরি বাতিল করার ক্ষমতা রাখে।

৮। নিয়োগকৃত কর্মচারী স্বেচ্ছায় পদত্যাগ করতে চাইলে তার পদত্যাগ পত্র গৃহীত না হওয়া পর্যন্ত তাকে চাকরি করতে হবে। লিখিত পদত্যাগ পত্র গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি চাকরি হতে অনুপস্থিত থাকেন তাহলে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুসারেও কার্যক্রম গ্রহণ করা যাবে।

৯। নিয়োগকৃত কর্মচারী কর্তৃক দাখিলকৃত তথ্যাদিতে কখনও কোন ত্রুটি পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ তার নিয়োগ বাতিল করতে পারবেন।

১০। নিজ জেলার পুলিশ সুপারের দপ্তর হতে স্থায়ী ঠিকানা এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট পাওয়া না গেলে (প্রযোজ্য ক্ষেত্রে) এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে। যোগদানকারীর নিজ জেলার পুলিশ সুপার হতে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে (বাংলাদেশ ফরম ৫২০৪ ভেরিফিকেশন রোল মোতাবেক)।

১১। নিয়োগপত্রের মাধ্যমে পদায়নকৃত প্রার্থীদের মেধাক্রম সম্মিলিতভাবে নির্ধারিত হবে।

১২। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (প্রযোজ্য ক্ষেত্রে) সনদ যাচাই করতে হবে। কারো সনদ যাচাইকালে সঠিক পাওয়া না গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২০/০৯/২৫

(মোঃ খালেকুজ্জামান চৌধুরী)
প্রধান প্রকৌশলী
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২-২২৩৩৮২৭৯৫

বিতরণঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
০৩। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
০৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, পূর্ত ভবন, ঢাকা। (তাঁকে গণপূর্ত অধিদপ্তরের Website-এ প্রকাশের জন্য)।
০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য়-১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। প্রশাসনিক কর্মকর্তা/ কল্যাণ কর্মকর্তা, প্রধান প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
০৭। তত্ত্বাবধায়ক, সংস্থাপন শাখা-৪, প্রধান প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
০৮। হিসাব রক্ষক, লেনদেন শাখা, প্রধান প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
০৯। জনাব ....................................................................................................................

১০। অফিস কপি/ গার্ড নথি।